তারিখ 30 MAY 2016
পৃষ্ঠা ৭ কলাম ৭

সংবাদ

রোকেয়া বিশ্ববিদ্যালয়

# শিক্ষককে হত্যার হুমকির প্রতিবাদে মানববন্ধন

জেলা বার্তা পরিবেশক, রংপুর

রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগের শিক্ষক আতাউর রহমানকে চিঠি দিয়ে হত্যা করার হুমকি প্রদানের প্রতিবাদে দায়ীদের গ্রেফতার ও শিক্ষকদের নিরাপত্তার দাবিতে গতকাল দুপুরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মানববন্ধন ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি আয়োজিত মানববন্ধনে শিক্ষক ছাড়াও বিপুলসংখ্যক সাধারণ শিক্ষার্থী অংশ নেয়।

সমাবেশে বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি ড. হাফিজার রহমান, সাধারণ সম্পাদক তাবিউর রহমান, শিক্ষক ড. পরিমল চন্দ্র প্রমুখ। তারা অভিযোগ করেন, গত বৃহস্পতিবার দুপুরে নিজের কার্যালয়ে যাওয়ার সময় ঘরের দরজা খুলতেই শিক্ষক আতাউর রহমানকে হত্যা করার হুমকি সংবলিত একটি চিঠি দেখতে পান। এ ঘটনায় ওই দিনই তিনি কোতোয়ালি থানায় নিজের নিরাপত্তা চেয়ে সাধারণ ডায়েরি করেন। ৩ দিন অতিবাহিত হওয়ার পরেও পুলিশ কোন পদক্ষেপ গ্রহণ করেনি। একইভাবে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে জানানো হলেও তারা কার্যকর উদ্যোগ নেয়নি। ফলে শিক্ষকরা চরম নিরাপত্তাহীনতার মধ্যে দিন অতিবাহিত করছে। সমাবেশে ২ দিনের মধ্যে দায়ীদের গ্রেফতার ও শিক্ষকদের নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানানো হয়। অন্যথায় শিক্ষক সমিতি আরও কঠোর কর্মসূচি ঘোষণা করবে বলে জানানো হয়।

এর আগে শিক্ষক সমিতি আয়োজিত মানব বন্ধনে বিশ্ববিদ্যালয়ের হাজারো শিক্ষার্থী একাত্মতা প্রকাশ করে।